নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৯৩

তারিখ: ১১ পৌষ ১৪২৬ / ২৬ ডিসেম্বর ২০১৯

**বিষয়: ১৫ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৩৯, তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে **১৫ জানুয়ারি ২০২০ তারিখে** অনুষ্ঠিতব্য বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

০২। ইতঃপূর্বে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনসমূহে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পিড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **১৫ জানুয়ারি ২০২০ (সোমবার) তারিখে** অনুষ্ঠিতব্য বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের সংশ্লিষ্ট এলাকায় নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২-০০ টা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ
(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান
(৩) স্পিড বোট

০৩। তবে সকল ধরনের ইঞ্জিন চালিত নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ না করে শুধু লঞ্চ ও স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। বিশেষ করে ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞা বহির্ভূত রাখতে হবে।

০৪। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৫। বর্ণিতাবস্থায়, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২-০০ টা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট উপজেলায় উল্লিখিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **জেলা প্রশাসক, বগুড়া-কে** ক্ষমতা প্রদানের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

২৬/১২/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব (প্রশাসন-১)]

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৯৩

তারিখ: ১১ পৌষ ১৪২৬ / ২৬ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........ ........ ........ ........ ........ মন্ত্রণালয়/বিভাগ (সকল)



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ......... ......... ......... ........ ........ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
১২. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, বগুড়া
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
১৯. পুলিশ সুপার, বগুড়া
২০. জেলা নির্বাচন অফিসার, বগুড়া
২১. অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া ও রিটার্নিং অফিসার
২২. উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া, সারিয়াকান্দি
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া
২৪. জেলা তথ্য অফিসার, বগুড়া
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......... ......... ......... ........ ........ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......... ......... ......... ........ ........ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৯. উপজেলা নির্বাচন অফিসার, বগুড়া, সারিয়াকান্দি ও সহকারী রিটার্নিং অফিসার
৩০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সারিয়াকান্দি থানা, বগুড়া।

২৬/১২/১৯

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)।

C:\Users\New\Desktop\CoXbazr_Moheskhali UP\1.7-UZ-2019 (Live, Road& Navi) Pade-Litter.Habib..doc